

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৫৪৪

আগরতলা, ১২ মে, ২০১৮

নেশামুক্ত সমাজ গঠনে মুখ্যমন্ত্রীর গুরুত্বারোপ

ত্রিপুরায় নেশামুক্ত সমাজ গড়ে তোলার উপর গুরুত্বারোপ করেছেন মুখ্যমন্ত্রী বিপ্লব কুমার দেব। আজ সন্ধ্যায় আগরতলা রবীন্দ্র শতবার্ষিকী ভবনে প্রজাপিতা ব্রহ্মাকুমারী ঈশ্বরীয় বিশ্ববিদ্যালয় আয়োজিত এক আলোচনাচক্রের উদ্বোধন করে মুখ্যমন্ত্রী বলেন, যুবকদের নেশামুক্ত করা আমাদের সরকারের একটা বড় কাজ। প্রজাপিতা ব্রহ্মাকুমারী বিশ্ববিদ্যালয়ের বোনরাও এই কাজটিকে তাদের অন্যতম উদ্দেশ্য হিসেবে নেয়ায় তিনি সন্তোষ প্রকাশ করেন। এই কাজে সরকার তাদের সঙ্গে থাকবে বলেও তিনি আশ্বাস দেন।

রবীন্দ্র শতবার্ষিকী ভবনের প্রথম হলে আয়োজিত এই আলোচনাচক্রের প্রদীপ প্রজ্জ্বলন করে উদ্বোধন করেন মুখ্যমন্ত্রী সহ অন্যান্য অতিথিগণ। অনুষ্ঠানে বিধায়ক ডা: দিলীপ দাস, ত্রিপুরা কেন্দ্রীয় বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন উপাচার্য ড. অরুণোদয় সাহা, প্রজাপিতা ব্রহ্মাকুমারী ঈশ্বরীয় বিশ্ববিদ্যালয়ের আন্তর্জাতিক খ্যাতি সম্পন্ন রাজযোগিনী বি কে শিবানী, উত্তর পূর্বাঞ্চল ও বাংলাদেশ-এর দায়িত্ব প্রাপ্ত সিস্টার শিলা এবং মাউন্ট আবুর মেডিক্যাল উইংস-এর চেয়ারপার্সন ড. বারানসীলাল ভাই উপস্থিত ছিলেন।

মুখ্যমন্ত্রী বিপ্লব কুমার দেব এই প্রতিষ্ঠানের কাজের পসংশা করে বলেন, এই প্রতিষ্ঠানের বোনদের সময়ের সঙ্গে কাজ করা, কাজের ব্যবস্থাপনা এবং উদ্দেশ্য আমাদের খুবই মুগ্ধ করে, তাদের সময়ানুবর্তিতার বিষয়টি খুবই উল্লেখ করার মতো। তিনি বলেন, আমাদের দেশের বোনদের এত বড় প্রতিষ্ঠান এবং কাজের পরিধি অন্য কোথাও নেই। তিনি ত্রিপুরার সর্বত্র তাদের কাজ সম্প্রসারণের জন্য অনুরোধ জানান। প্রসঙ্গক্রমে মুখ্যমন্ত্রী বলেন, মানুষের একাগ্রতার জন্য মেডিটেশন করার গুরুত্ব অপরিসীম। এই কাজে সকলকে উদ্বুদ্ধ হওয়ার বিষয়েও তিনি গুরুত্বারোপ করেন।

অনুষ্ঠানে বি কে শিবানী আলোচনাচক্রের মূল বিষয় ‘জীবনের উদ্দেশ্য’ নিয়ে আলোচনায় বলেন, নিজের কাজ সম্পাদনের জন্য, নিজের জন্য, পরিবারের জন্য এবং সমাজের জন্যই নিজেকে সুস্থ রাখা প্রয়োজন। প্রয়োজন মস্তিস্কের এনার্জি বৃদ্ধি করা আর এই এনার্জির জন্যই মেডিটেশন করা প্রয়োজন। তিনি মাতা পিতাদের সন্তানদের নেশামুক্ত ভাল মানুষ হিসেবে গড়ে তোলার জন্য আদর ও ভালবাসা দিয়ে প্রতিপালন করার বিষয়ে গুরুত্বারোপ করেন। অনুষ্ঠানে স্বাগত ভাষণ দেন প্রজাপিতা ব্রহ্মাকুমারী ঈশ্বরীয় বিশ্ববিদ্যালয়ের ত্রিপুরা ও বাংলাদেশের দায়িত্বপ্রাপ্ত ব্রহ্মাকুমারী সবিতা। অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী বিপ্লব কুমার দেবকে স্মারক উপহার প্রদান করা হয়।
